

9023 - কেউ যদি ভুলবশত ওয়ু ছাড়া নামায পড়ে তাহলে নামাযটি পুনরায় আদায় করা তার উপর ওয়াজিব

প্রশ্ন

আমি কখনও কখনও নামাযের পরে বুঝতে পারি যে, আমি ওয়ু ছাড়া নামায পড়েছি। এক্ষেত্রে আমি কি ওয়ু করে নতুনভাবে নামায পড়ব?

প্রিয় উত্তর

হ্যাঁ; আপনার উপর ওয়াজিব হল ওয়ু করে পুনরায় নামায আদায় করা। আলেমগণ এ অভিমতের উপর ইজমা (মতৈক্য) করেছেন। কারণ পবিত্রতা হচ্ছে নামায শুদ্ধ হওয়ার শর্ত। এর দলিল হচ্ছে— নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: “তোমাদের কারো যদি ওয়ু ভেঙ্গে যায় তাহলে ওয়ু করার আগ পর্যন্ত আল্লাহ তার নামায কবুল করেন না।”[সহিহ বুখারী (৬৯৫৪) ও সহিহ মুসলিম (২২৫)]

আব্দুল্লাহ বিন উমর (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেন: “পবিত্রতা ছাড়া কোন নামায কবুল করা হয় না।”[সহিহ মুসলিম (২২৪)]

ইমাম নববী ‘আল-মাজমু’ গ্রন্থে (২/৭৯) বলেন:

“ওয়ু-নাই এমন ব্যক্তির জন্য নামায পড়া হারাম মর্মে আলেমগণ ইজমা (মতৈক্য) করেছেন। তারা এ মর্মেও ইজমা করেছেন যে, এমন ব্যক্তির নামায শুদ্ধ হবে না; চাই সে তার ওয়ু না থাকা সম্পর্কে অবগত থাকুক, কিংবা অজ্ঞ হোক, কিংবা ভুলে গিয়ে থাকুক। তবে সে যদি অজ্ঞ হয় কিংবা ভুলে গিয়ে থাকে তাহলে তার কোন গুনাহ হবে না। আর যদি তার ওয়ু না-থাকার বিষয়টি এবং ওয়ু ছাড়া নামায পড়া হারাম হওয়ার বিষয়টি জেনেও তা করে তাহলে সে জঘন্য গুনাতে লিপ্ত হল।”[সমাণ্ড]

আল্লাহই সর্বজ্ঞ।